RBI/2004/259
DBOD.AML.BC.No.101/14.01.001/2003-04

জুন ২১, ২০০৪

সমস্ত বাণিজ্যভিত্তিক ব্যাংকের চীফ একজিকউটিভদের
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক বাদে)

মহাশয়,

**কে ওয়াই সির নিয়ম সম্পর্কে নির্দোবলী-চলতি অ্যাকাউন্ট**

১। অনুগ্রহ করে উপরোক্ত বিষয় সম্বন্ধে আমাদের আগস্ট ১৬, ২০০২ তারিখের সার্কুলার DBOD.No.AML.BC.18/14.01.001/2002-03 দেখুন । উপরোক্ত সার্কুলারের অনুচ্ছেদ ৩এ নির্দেশ দেওয়া হয়েছিল যে চলতি অ্যাকাউন্টের ক্ষেত্রে যদি কোন ঘাটতি থাকে তবে কেওয়াইসি প্রণালীগুলি যেন যথা সম্ভব তাড়াতাড়ি সম্পূর্ণ করা হয়। আরোও,আমাদের নভেম্বর ২৪এর সার্কুলার DBOD.AML.No.47/14.01.001/2003-04 এবং ডিসেম্বর ১৬র সার্কুলার DBOD.AML.No.129/14.01.001/2003-04এর মাধ্যমে ব্যাংকগুলিকে নির্ধারিত সময় সীমা অনুযায়ী কেওয়াইসি প্রণালীগুলি চলতি অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে সম্পূর্ণ করার নির্দেশ দেওয়া হয়েছিল।

২। এই বিষয়ে, অনুগ্রহ করে ২০০৪-০৫ সালের বার্ষিক নীতির বয়ানের অনুচ্ছেদ নং.১২৬ দেখুন যেটি মে ১৮,২০০৪ তারিখের গভর্নরের চিঠি নং. MPD.BC.249/07.01.279/2003-04 এর সঙ্গে আপনাদের পাঠানো হয়েছিল(অনুচ্ছেদের অনুলিপি সংযুক্ত)।

৩। আমরা ধরে নিচ্ছি যে আপনারা আপনাদের বোর্ডের পরামর্শ অনুযায়ী একটি কেওয়াইসি নীতি নির্ধারণ করেছেন,যেটা সমস্ত নতুন অ্যাকাউন্ট খোলার সময় মেনে চলতে হবে ।তা সত্ত্বেও যাতে চলতি ক্ষুদ্র অ্যাকাউন্ট হোল্ডারদের অসুবিধা না হয় এবং যাতে কেওয়াইসি প্রণালী যথা সময়ে সম্পূর্ণ করা যায় তা মাথায় রেখে, এই সিদ্ধান্ত নেওয়া হল যে ব্যাংক সেইসব চলতি অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে কেওয়াইসি প্রণালীর প্রয়োগ করতে পারে যেখানে মার্চ ৩১,২০০৩এ শেষ হওয়া আর্থিক বছরে ডেবিট ও ক্রেডিট যোগ করে Rs. 10 লক্ষের বেশি হবে বা যেখানে অস্বাভাবিক লেনদেনের সন্দেহ করা হচ্ছে।

৪। তথাপি ব্যাংকগুলিকে নিশ্চিত করতে হবে যে কেওয়াইসি প্রণালীগুলি ট্রাস্ট,সংস্থা/কোম্পানি,ধার্মিক/দানশীল প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠান ক্ষেত্রে বা যেখানে অ্যাকাউন্ট খোলা হয়েছে পাওয়ার অফ অ্যাটর্নি/ম্যান্ডেটের মাধ্যমে সে ক্ষেত্রে প্রযোগ করা হচ্ছে। কেওয়াইসি প্রণালীগুলি নিষ্ঠার সঙ্গে প্রয়োগ করা উচিত স্থানীয় অবস্থার পরিপ্রেক্ষিতে এবং সম্পূর্ণ করা উচিত ৩১ ডিসেম্বর,২০০৪এর ভিতরে।

ইতি ভবদীয়,

প্রশান্ত সারন
(চীফ জেনারেল ম্যানেজার)

## ২০০৪-০৫ বছরের বার্ষিক পলিসি স্টেটমেন্টের সারংশ

### *(I) কেওয়াইসি এবং গ্রাহক সম্পর্ক সম্বন্ধে গোপনীয়তা*

১২৬.হাল বছরগুলিতে ,টাকার কালোবাজারীর রোধ অত্যন্ত গুরুত্বপূর্ণ আকার নিয়েছে।এই দৃষ্টিতে টাকার কালোবাজারী ও আতঙ্কবাদে টাকা জোগানো রোধ করতে ব্যাংকের দ্বারা আপনার গ্রাহককে চিনুন (কে-ওয়াই-সি) নীতি গ্রহণটি একটি উন্নত পদক্ষেপ। আগস্ট ২০০০এ ব্যাংকগুলিকে নির্দ্দেশ দেওয়া হয়েছিল যে উপযুক্ত কে-ওয়াই-সি প্রণালী সম্পূর্ণ করার জন্যে, যার দ্বারা উপযুক্ত নথিপত্রের মাধ্যমে পরিচিতি নিশ্চিত করা যাবে এবং এটা আরো নিশ্চিত করতে হবে যে এই প্রণালী গ্রহণের ফলে জণসাধারণের জন্যে ব্যাংকের পরিষেবার কোন বাধা ঘটছে না। আরোও, ডিসেম্বর ২০০২এ ব্যাংকগুলিকে নির্দ্দেশ দেওয়া হয়েছিল যাতে কেওয়াইসি নিয়ম অনুযায়ী আগস্ট ২০০২ এর আগে খোলা অ্যাকাউন্টগুলিকে খতিয়ে দেখার জন্যে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্যে যাতে সমস্ত অ্যাকাউন্ট গুলি সম্পূর্ণ করা যায় কিস্তিক্রমে, ডিসেম্বর ২০০৪এর মধ্যে।

- ব্যাংকগুলি তাদের বোর্ডের দ্বারা নতুন অ্যাকাউন্ট খোলার জন্যে গৃহীত কে-ওয়াই-সি নীতি পুরোপুরি মেনে চলবে; ব্যাংক সেইসব চলতি অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে কেওয়াইসি প্রণালীর প্রয়োগ করবে যেখানে মার্চ ৩১,২০০৩এ শেষ হওয়া আর্থিক বছরে ডেবিট ও ক্রেডিট যোগ করে Rs. 10 লক্ষের বেশি হবে বা যেখানে অস্বাভাবিক লেনদেনের সন্দেহ করা হচ্ছে।

- ব্যাংকগুলি কে-ওয়াই-সি প্রণালীগুলি ট্রাস্ট,সংস্থা/কোম্পানি,ধার্মিক/দানশীল প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠান ক্ষেত্রে বা যেখানে অ্যাকাউন্ট খোলা হয়েছে পাওয়ার অফ অ্যাটর্নি/ম্যান্ডেটের মাধ্যমে, সে সমস্ত ক্ষেত্রে প্রযোগ করতে হবে। কে-ওয়াই-সি প্রণালীগুলি নিষ্ঠার সঙ্গে প্রয়োগ করা উচিত স্থানীয় অবস্থার পরিপ্রেক্ষিতে এবং সম্পূর্ণ করা উচিত ৩১ ডিসেম্বর, ২০০৪এর ভিতরে।